# সহীহ দুআ ও যিক্‌র

বিভাগ/অধ্যায়ঃ ঋণমুক্ত ও ধনী হতে

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

ঋণমুক্ত ও ধনী হতে

১।

اللَّهُمَّ اكْفِنِي بِحَلَالِكَ عَنْ حَرَامِكَ، وَأَغْنِنِي بِفَضْلِكَ عَمَّنْ سِوَاكَ

উচ্চারণঃ আল্লা-হুম্মাকফিনী বিহালা-লিকা আন হারামিক, অআগনিনী বিফাযলিকা আম্মান সিওয়াক।

অর্থঃ হে আল্লাহ! তোমার হালাল রুযী দিয়ে হারাম রুযী থেকে আমার জন্য যথেষ্ট কর এবং তুমি ছাড়া অন্য সকল থেকে আমাকে অমুখাপেক্ষী কর। (সহীহ তিরমিযী ৩/ ১৮০)।

২। দুশ্চিন্তা দূর করার ২নং দুআ পঠনীয়।

৩। রাত্রে শয়নকালে নিম্নের দুআ পঠনীয়;

اللَّهُمَّ رَبَّ السَّمَوَاتِ السَّبْعِ وَرَبَّ الْأَرْضِ، وَرَبَّ الْعَرْشِ الْعَظِيمِ، رَبَّنَا وَرَبَّ كُلِّ شَيْءٍ، فَالِقَ الْحَبِّ وَالنَّوَى، وَمُنْزِلَ التَّوْرَاةِ وَالْإِنْجِيلِ وَالْفُرْقَانِ، أَعُوذُ بِكَ مِنْ شَرِّ كُلِّ شَيْءٍ أَنْتَ آخِذٌ بِنَاصِيَتِهِ، اللَّهُمَّ أَنْتَ الْأَوَّلُ فَلَيْسَ قَبْلَكَ شَيْءٌ، وَأَنْتَ الْآخِرُ فَلَيْسَ بَعْدَكَ شَيْءٌ، وَأَنْتَ الظَّاهِرُ فَلَيْسَ فَوْقَكَ شَيْءٌ، وَأَنْتَ الْبَاطِنُ فَلَيْسَ دُونَكَ شَيْءٌ، اقْضِ عَنَّا الدَّيْنَ وَأَغْنِنَا مِنَ الْفَقْرِ

উচ্চারণঃ আল্লা-হুম্মা রাব্বাস সামাওয়াতি অরাব্বাল আরযি অরাব্বাল আরশিল আযীম। রাব্বানা অরাব্বা কুল্লি শাই, ফা-লিক্বাল হাব্বি অন্নাওয়া, অমুনাযিলাত তাউরা-তি অলইনজীলি অলফুরক্বান। আউযু বিকা মিন শাররি কুল্লি যী শাররিন আন্তা আ-খিযুন বিনা-সিয়াতিহ। আল্লা-হুম্মা আন্তাল আউওয়াল ফালাইসা ক্বাবলাকা শাই, অআন্তাল আ-খিরু ফালাইসা বাদাকা শাই, অআন্তা যা-হিরু ফালাইসা ফাউক্বাকা শাই, অআন্তাল বা-ত্বিনু ফালাইসা দূনাকা শাই, ইক্বযি আন্নাদ দাইনা অআগনিনা মিনাল ফাকূর।

অর্থঃ হে আল্লাহ! হে আকাশ মন্ডলী, পৃথিবী ও মহা আরশের অধিপতি। হে আমাদের ও সকল বস্তুর প্রতিপালক! হে শস্যবীজ ও আঁটির অঙ্কুরোদয়কারী! হে তাওরাত, ইনজীল ও ফুরকানের অবতীর্ণকারী! আমি তোমার নিকট প্রত্যেক অনিষ্টকারীর অনিষ্ট থেকে আশ্রয় প্রার্থনা করছি-- যার ললাটের কেশগুচ্ছ তুমি ধারণ করে আছ। হে আল্লাহ! তুমিই আদি তোমার পূর্বে কিছু নেই। তুমিই অন্ত তোমার পরে কিছু নেই। তুমিই ব্যক্ত (অপরাভূত), তোমার উর্ধে কিছু নেই এবং তুমিই (সৃষ্টির গোচরে) অব্যক্ত, তোমার নিকট অব্যক্ত কিছু নেই। আমাদের তরফ থেকে আমাদের। ঋণ পরিশোধ করে দাও এবং আমাদেরকে দারিদ্র্য থেকে মুক্তি দিয়ে সচ্ছল (অভাবশূন্য) করে দাও। (মুসলিম ৪/ ২০৮৪)

৪।

اللَّهُمَّ اسْتُرْ عَوْرَتِي ، وَآمِنْ رَوْعَتِي وَاقْضِ عَنِّي دَيْنِي

উচ্চারণঃ-আল্লা-হুম্মাসতুর আউরাতী অআমিন রাউআতী অকযি্‌আন্নী দাইনী।

অর্থঃ হে আল্লাহ! তুমি আমার গোপনীয় ত্রুটিকে গোপন কর,ভয় থেকে নিরাপত্তা দাও এবং আমার তরফ থেকে আমার ঋণ পরিশোধ করে দাও। (সহীহুল জমে’ ১২৬২ নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11753

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন